বিডিপি/মিনিটস/২/এ

০৭ আগষ্ট ২০২৬

২৫ জুলাই ২০২৬ তারিখ সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির ৮ম সভার কার্যবিবরণী

উপস্থিতিঃ.

| | | | |
|---|---|---|---|
| (১) | মেজর জেনারেল আবদুস সালাম চৌধুরী, এনডিসি (অব.) | - | প্রেসিডেন্ট |
| (২) | মেজর শামস আহমেদ জিয়া (অব.) | - | ট্রেজারার |
| (৩) | মোহাম্মদ সোহেল লতিফ, পিএসসি (অব.) | - | মেম্বার সিকিউরিটি |
| (৪) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ জহিরুল ইসলাম চৌধুরী, বিইউপি, এনডিসি (অব.) | - | কো অপ্টেড সদস্য |
| (৫) | লেঃ কর্নেল মোঃ সাইদুর রহমান, পিএসসি (অব.) | - | এ/মেম্বার এ্যাডমিন |
| (৬) | জনাব মোঃ জুলফিকার আলী | - | সাধারণ সদস্য |
| (৭) | জনাব মুহাম্মদ হায়দার আলী | - | সাধারণ সদস্য |
| (৮) | মিসেস শাহ্‌রীন হোসেইন তানিয়া | - | সাধারণ সদস্য |
| (৯) | জনাব জাহাঙ্গীর হামিদ সোহেল | - | সাধারণ সদস্য |
| (১০) | মিসেস শায়লা সুলতানা সিদ্দিকী | - | সাধারণ সদস্য |
| (১১) | জনাব এনায়েতুল বারী জুয়েল | - | সাধারণ সদস্য |
| (১২) | এ্যাডভোকেট আখতার মাহমুদ চৌধুরী | - | ভারপ্রাপ্ত সেক্রেটারী |

স্বাগত ভাষনঃ

১। গত ২৫ জুলাই ২০২৬ তারিখ সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় বনানী ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ৮ম সভা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সম্মানিত সভাপতি সকলকে শুভেচ্ছা ও কুশলাদি বিনিময় পূর্বক সভার কার্যক্রম শুরু করেন। ৭ম সভার এজেন্ডা ২: পরিষদের কর্মকর্তা কর্মচারীদের বেতন কাঠামো নীতিমালার নোট ২ পর্যালোচনা করে শিক্ষানবীস সময় যোগদানের তারিখ হতে (০৩ মাস) ৬ষ্ঠ ও ৭ম গ্রেডের কর্মচারীদের মূল বেতনের স্থলে মাসিক ১০ হাজার টাকা বেতন প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়। এক্ষেত্রে তার শিক্ষানবীসকাল ০৩ মাস বলবৎ থাকবে। ৭ম সভার কার্যবিবরণী পর্যালোচনা করে অনুমোদন করা হয়। প্রস্তাবকারী মেজর শামস আহমেদ জিয়া (অব.) ও সমর্থনকারী গ্রুপ ক্যাপ্টেন মোঃ জহিরুল ইসলাম চৌধুরী, বিইউপি, এনডিসি (অব.)।



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>২।</td><td>
<u>আলোচ্যসূচী-২: বনানী ডিওএইচএস কমিউনিটি সেন্টার ০৫ (পাঁচ) বছর মেয়াদি চুক্তিতে ফ্লাওয়ার ডিজাইন ওয়েডিং প্ল্যানারকে পরিচালনার জন্য আবেদনের প্রেক্ষিতে আলোচনা ও সিদ্ধান্ত।</u><br><br>
মোঃ মাকছুদ আহম্মেদ আকাশ, স্বত্ত্বাধিকারী: 'ফ্লাওয়ার ডিজাইন ওয়েডিং প্ল্যানার' বনানী ডিওএইচএস কমিউনিটি হল ০৫ বছর পরিচালনার জন্য প্রস্তাব প্রেরণ করেছেন যা সভায় উপস্থাপন করা হয়ঃ<br><br>
*মাসিক ভাড়া: ৫,৪১,৬৬৬/- (পাঁচ লক্ষ একচল্লিশ হাজার ছয়শত ছেষট্টি) টাকা পরিষদকে প্রদান করতে ইচ্ছুক।<br>
* বার্ষিক ভাড়া: ৬৫,০০,০০০/- (পঁয়ষট্টি লক্ষ) টাকা।<br>
* ৫ (পাঁচ) বছরে সর্বমোট ভাড়া: ৩,২৫,০০,০০০/- (তিন কোটি পঁচিশ লক্ষ) টাকা।<br><br>
অন্যান্য:<br><br>
* বিনামূল্যে ডেকোরেশন সুবিধা: বনানী ডিওএইচএস পরিষদের বৃহৎ ৪টি জাতীয় ও বাৎসরিক অনুষ্ঠানে (১৬ই ডিসেম্বর, ২৬শে মার্চ, পহেলা বৈশাখ এবং বার্ষিক সাধারণ সভা বা এজিএম) পূর্বের ন্যায় সম্পূর্ণ বিনামূল্যে ডেকোরেশনের মালামাল ও সেবা সরবরাহ করা।<br><br>
* বাসিন্দাদের সুযোগ-সুবিধা বহাল: ডিওএইচএস পরিষদের সম্মানিত সদস্য এবং স্থানীয় বাসিন্দাদের জন্য বর্তমানে হল ভাড়ার ক্ষেত্রে যে সকল সুযোগ-সুবিধা ও অগ্রাধিকার রয়েছে, তা সম্পূর্ণরূপে অক্ষুণ্ণ থাকবে।<br><br>
* বুকিং ও সার্বিক ব্যবস্থাপনা: চুক্তির মেয়াদকালে হলের বুকিং সংক্রান্ত যাবতীয় দায়িত্ব 'ফ্লাওয়ার ডিজাইন ওয়েডিং প্ল্যানার' গ্রহণ করবে। তবে বর্তমান নিয়মানুযায়ী পার্কিং, সিকিউরিটিসহ অন্যান্য সকল ব্যবস্থাপনা ও সুযোগ-সুবিধা আগের মতোই বহাল থাকবে। দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য হলের অভ্যন্তরে একটি অফিস কক্ষের প্রয়োজন হবে।<br><br>
* চুক্তির মেয়াদ ও নবায়ন: চুক্তির প্রাথমিক মেয়াদ হবে ৫ (পাঁচ) বছর। মেয়াদান্তে উভয় পক্ষের পারস্পরিক সম্মতির ভিত্তিতে চুক্তিটি পুনরায় ৫ বছরের জন্য নবায়নযোগ্য হবে।<br><br>
এই প্রস্তাবনার উপর সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ<br><br>
সিদ্ধান্তঃ<br><br>
১। 'ফ্লাওয়ার ডিজাইন ওয়েডিং প্ল্যানার'কে কমিউনিটি সেন্টার পরিচালনার দায়িত্ব দেওয়া হলেও তারা পরিষদের সিদ্ধান্ত ব্যতিত কমিউনিটি সেন্টার ভাড়া বৃদ্ধি করতে পারবেন না।<br><br>
২। কমিউনিটি সেন্টার কোন রাজনৈতিক অনুষ্ঠান ও ওয়াজ মাহফিলের জন্য বরাদ্দ দেওয়া যাবে না।<br>
৩। বনানী ডিওএইচএস পরিষদের ০৪টি জাতীয় ও বাৎসরিক অনুষ্ঠানে (১৬ই ডিসেম্বর, ২৬শে মার্চ, পহেলা বৈশাখ এবং বার্ষিক সাধারণ সভা) সম্পূর্ণ বিনামূল্যে ডেকোরেশনের মালামাল ও সেবা সরবরাহ করা ছাড়াও বছরে আরো ০২ টি অনুষ্ঠানের ডেকোরেটর সুবিধা প্রদান করা।<br>
৪। পানি ও বিদ্যুৎ ব্যয় পরিষদের সাথে শেয়ারের ব্যবস্থা করা।<br><br>
৫। ১লা আগষ্ট ২০২৬ তারিখ থেকে নীতিগতভাবে 'ফ্লাওয়ার ডিজাইন ওয়েডিং প্ল্যানার'কে কমিউনিটি সেন্টার পরিচালনার দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
</td><td>সংশ্লিষ্ট কমিটি</td></tr>
</table>




Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.


CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| | বনানী ডিওএইচএস কমিউনিটি সেন্টার 'ফ্লাওয়ার ডিজাইন ওয়েডিং প্ল্যানার'কে পরিচালনার দায়িত্ব প্রদানের চুক্তির ব্যাপারে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ<br><br>কনভেনার : জনাব আলী বখতিয়ার মাহমুদ মেহেদী, ভাইস প্রেসিডেন্ট।<br><br>সদস্য :<br>১। জনাব মোঃ জুলফিকার আলী, ইসি সদস্য।<br>২। জনাব মুহাম্মদ হায়দার আলী, ইসি সদস্য।<br>৩। জনাব এনায়েতুল বারী (জুয়েল), ইসি সদস্য।<br><br>সদস্য সচিব : লেঃ কর্নেল মোঃ সাইদুর রহমান, পিএসসি (অব.), এ/মেম্বার এ্যাডমিন।<br>এছাড়া, পরিষদের জয়েন্ট সেক্রেটারিকে চুক্তিপত্রের খসড়া পরিক্ষা করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |
| ৩। | <u>আলোচ্যসূচী-০৩ঃ কোরবানীর বর্জ্য অপসারণ, পশু প্রবেশ মূল্য ও পশু জবাই কাজে অর্থ দাবী করার অভিযোগের প্রেক্ষিতে আলোচনা</u><br><br>বনানী ডিওএইচএসে অন্যান্য বছরের ন্যায় এ বছর ও পরিকল্পনা মাফিক কোরবানীর পশু প্রবেশ, পশু রাখার ব্যবস্থাপনা ও কোরবানীর যাবতীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে শেষ হয়েছে। পরিষদের তত্ত্বাবধানে মাদ্রাসার ছাত্রদের মাধ্যমে কোরবানীর পশু জবাই করা হয়। এই কাজে কোন হাদিয়া চাওয়ার সুযোগ না থাকার পরেও কয়েকজন হাদিয়া চেয়েছেন মর্মে অভিযোগ পাওয়া যায়। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্ত নেওয়া হয়ঃ<br>সিদ্ধান্তঃ<br>১। বাসিন্দাদের কোরবানীর পশু জবাইয়ের পর মাদ্রাসার ছাত্রবৃন্দ হাদিয়া দাবী/চাইতে পারবে না।<br><br>২। বাসিন্দাগণ কোরবানীর পশুর চামড়া বিক্রি/যে কাউকে প্রদান করতে পারবেন, কোরবানীর পশুর চামড়া মাদ্রাসার ছাত্রদেরকে প্রদানের বিষয়ে কোন বাধ্যবাধকতা নেই। | |




**Telephone** : +88 02 8714697
**E-mail** : infodohsbanani@gmail.com
**Web** : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.


CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| ৪। | আলোচ্যসূচী-০৪: বনানী ডিওএইচএসে ট্র্যাষ্ট ব্যাংকের এটিএম বুথ স্থাপনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত<br>বনানী ডিওএইচএসে ট্র্যাষ্ট ব্যাংকের এটিএম বুথ স্থাপনের ব্যাপারে আলোচনা করা হয়। ট্রাষ্ট ব্যাংক কর্তৃপক্ষ মসজিদ রোডের ওয়াসার পাম্পের পার্শ্বে এটিএম বুথ স্থাপন করতে আগ্রহী। ইসি সদস্য মিসেস শাহ্রীন হোসেইন তানিয়া জানান ২ নং রোডে অবস্থিত ঢাকা ব্যাংকের এটিএম বুথটি প্রায় ১ মাস লেনদেন স্থগিত রয়েছে। টাকা উত্তোলনের এটিএম মেশিনটি এখান থেকে সরানো হয়েছে। শিঘ্রই বুথের কার্যক্রম শুরু করার জন্য তিনি সভাকে অবহিত করেন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্তঃ<br>ঢাকা ব্যাংকের এটিএম বুথটি বনানী শাখার অধীনে উক্ত শাখায় পরিষদের এক্সিকিউটিভ অফিসারকে যোগাযোগ করে এটিএম বুথের কার্যক্রম শ্রীঘই চালু করার ব্যাপারে পদক্ষেপ গ্রহনের জন্য নির্দেশ দেওয়া হয়। | এক্সিঃ অফিঃ |
| ৫। | আলোচ্যসূচী-০৫: ভ্যানগাড়ী, সাইকেল ও মটর সাইকেল সেড নির্মাণ অবহিতকরণ<br>বনানী ডিওএইচএস ১ নং মেইন গার্ড কন্ট্রোল রুমের পার্শ্বে একটি সাইকেল পার্কিং শেড নির্মাণ করা হয়েছে। বনানী ডিওএইচএসের কোন ব্যক্তি মোটরসাইকেল পার্কিংয়ে ইচ্ছুক থাকলে মাসিক ১ হাজার টাকা ভাড়া প্রদান সাপেক্ষে পার্কিং বরাদ্দ দেওয়া হবে। এছাড়াও পরিষদের সিকিউরিটি গার্ড, ক্লিনার ও স্টাফদের সাইকেল মোটরসাইকেল যত্রতত্র পার্কিং বন্ধে এখানে পার্কিং করার সুযোগ দেওয়া হয়েছে। সেড নির্মাণ কাজে পুরাতন মসজিদ থেকে টিন, পাইপ ও এ্যাংগেল প্রদান করা হয়েছে। মসজিদের ইঞ্জিনিয়ার মোঃ জহিরুল ইসলাম সেড নির্মাণ কাজে ৬৫ হাজার টাকা খরচের কথা উল্লেখ করলেও পরবর্তীতে তিনি ১ লক্ষ ১৩ হাজার টাকার বিল নোটশিট অনুমোদনের জন্য প্রস্তুত করেছেন। বিষয়টি অগ্রহনযোগ্য ও অতিরিক্ত বিল উপস্থাপন করা হয়েছে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।<br>সিদ্ধান্তঃ<br>বিলটি রিভিউ করার জন্য ভারপ্রাপ্ত মেম্বার এ্যাডমিনকে অনুরোধ করা হয়। | এ/মেম্বার এ্যাডমিন |
| ৬। | আলোচ্যসূচী-৬: স্কুলের শিক্ষক ও আয়ার বেতন বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে আলোচনা ও সিদ্ধান্ত।<br>স্কুলের শিক্ষক ও আয়া পরিষদের বিশেষ গ্রেডের অন্তর্ভূক্ত। গত জানুয়ারি ২০২৩ এ শিক্ষকদেরকে ৪ হাজার টাকা হারে ও আয়াকে ৩ হাজার টাকা বেতন বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও আয়াকে জানুয়ারি ২০২৬ মাসে ইনক্রিমেন্ট প্রদান করা হয়। তাদের বেতন বৃদ্ধির ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্ত নেওয়া হয়। | |



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| | সিদ্ধান্তঃ<br>১। স্কুলের শিক্ষকদেরকে সর্বসম্মতিক্রমে আগষ্ট ২০২৬ হতে মাসিক ১ হাজার টাকা বৃদ্ধি করে নিম্নরুপভাবে বেতন বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ<br>ক। শিক্ষিকা খাদিজা রহমান এর বেতন ১৩০০০/-টাকা থেকে ১৪০০০/-টাকা।<br>খ। শিক্ষক মোহাম্মদ মোস্তাফিজুর রহমান এর বেতন ১২০০০/-টাকা থেকে ১৩০০০/-টাকা।<br>২। জানুয়ারি ২০২৬ মাসে আয়ার ইনক্রিমেন্ট প্রদান করায় বেতন বৃদ্ধি করা হলো না।<br>৩। স্কুলের বর্তমান শিক্ষার্থী ২২ জন, স্কুলের শিক্ষার্থী বৃদ্ধি ও শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের মোটিভেশনের ব্যাপারে আলোচনা হয়।<br>৪। শিক্ষার্থীদের সাথে কোমল আচরণ করার জন্য শিক্ষকদেরকে অবহিত করা।<br>৫। শিক্ষকদের পাঠদানের বিষয়ে তদারকি করার জন্য ইসি সদস্য মিসেস শায়লা সুলতানা সিদ্দিকী ও মিসেস শাহ্‌রীন হোসেইন তানিয়াকে অনুরোধ করা হয়।<br>৬। শিক্ষার্থী বৃদ্ধি ও শিক্ষকদের দক্ষতা বিবেচনা করে প্রতি বছর বেতন বৃদ্ধির ব্যাপারে বিবেচনা করা হবে। | |
| ৭। | আলোচ্যসূচী-৭: বনানী ডিওএইচএস এলাকায় গ্যাসের চাপ বৃদ্ধিতে করনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।<br>বনানী ডিওএইচএসে গ্যাসের চাপ বৃদ্ধির জন্য সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ<br>সিদ্ধান্তঃ<br>১। গ্যাসের চাপ বৃদ্ধির বিষয়টি জাতীয় সংকট হিসাবে দেখা দিয়েছে। বনানী ডিওএইচএসের গ্যাসের চাপ বৃদ্ধির ব্যাপারে তিতাস কর্তৃপক্ষকে বারংবার পত্র প্রদান ও পরিষদের এক্সিকিউটিভ অফিসার দায়িত্বশীল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেছেন। তিতাস কর্তৃপক্ষ ০২ বার সরেজমিনে গ্যাসের চাপ যাচাই করেছেন। গ্যাসের চাপ বৃদ্ধিতে যোগাযোগ অব্যাহত আছে।<br>২। গ্যাসের চাপ বৃদ্ধির জন্য ভারপ্রাপ্ত মেম্বার এ্যাডমিনকে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | মেম্বার এ্যাডমিন |
| ৮। | আলোচ্যসূচী-৮: পরিষদের ওয়েব সাইটে আরো কোন কোন বিষয়ে Upload করা প্রয়োজন সে ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।<br>বনানী ডিওএইচএসের ওয়েব সাইটে পরিষদ থেকে জারিকৃত সকল সাধারণ চিঠিপত্রাদি আপলোড করা হচ্ছে। ওয়েব সাইটে কি কি বিষয় আপলোড করা হবে এ ব্যাপারে ইসি সদস্য মিসেস শাহ্‌রীন হোসেইন তানিয়া সভাকে অবহিত করেন। সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ<br>সিদ্ধান্তঃ<br>১। ওয়েবসাইটে কি কি বিষয় আপলোড করা প্রয়োজন তার তালিকা প্রস্তুত করে অনুমোদন গ্রহণের জন্য মিসেস শাহ্‌রীন হোসেইন তানিয়াকে অনুরোধ করা হয়। | মিসেস শাহ্‌রীন হোসেইন |



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| ৯। | আলোচ্যসূচী-০৯: জুন ২০২৬ মাসের পরিষদ ও মসজিদের আয়-ব্যয় উপস্থাপন এবং অনুমোদন<br>জুন-২০২৬ মাসের পরিষদের আয় ও ব্যয়ঃ<br>জুন - ২০২৬ মাসের পরিষদের আয় ও ব্যয় ট্রেজারার কর্তৃক সভায় উপস্থাপন করা হয়। জুন ২০২৬ মাসের মোট আয় ২৯,৫৮,১৪০/- ( উনত্রিশ লক্ষ আটান্ন হাজার একশত চল্লিশ) মাত্র টাকা এবং মোট ব্যয় ৬,৮৪,৩৫৪/- (ছয় লক্ষ চুরাশি হাজার তিনশত চুয়ান্ন) মাত্র টাকা। পরিষদের ট্রেজারার কর্তৃক ৫০ লক্ষ টাকার নতুন একটি এফডিআর ট্রাষ্ট ব্যাংক পিএলসি, বনানী শাখায় খোলার জন্য অবহিত করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>বনানী ডিওএইচএস জামে মসজিদের জুন ২০২৬ মাসের আয় ও ব্যয়ের বিবরণঃ<br>ক। নির্মাণ ফান্ডের আয় (ঢাকা ব্যাংক)ঃ বনানী ডিওএইচএস জামে মসজিদে জুন - ২০২৬ মাসের নির্মাণ ফান্ডের ওপেনিং ব্যালেন্স এর পরিমান ১,৮৪,৬৯,৫৯৮/-টাকা। মসজিদের নির্মাণ খাতে আয় ৩০,৬৫,০০০/-টাকা। ওপেনিং ব্যালেন্স ও আয়: (১,৮৪,৬৯,৫৯৮+৩০,৬৫,০০০) = সর্বমোট ২,১৫,৩৪,৫৯৮/- (দুই কোটি পনের লক্ষ চৌত্রিশ হাজার পাঁচশত আটানব্বই) মাত্র টাকা এবং ব্যয় ২,৩৩,৮৭০.০০/-টাকা। জুন ২০২৬ মাসের ফান্ডের স্থিতি: ২,১৩,০০,৭২৮.০০ (দুই কোটি তেরো লক্ষ সাতশত আটাশ) মাত্র টাকা।<br>খ। নিয়মিত ফান্ডের আয় (শাহজালাল ইসলামী ব্যাংক): নিয়মিত ফান্ডের ওপেনিং ব্যালেন্স ব্যাংক: ৭০,৭৪২/-টাকা, এমটিডিআর: ৮৩,৪৪,২২৮/-টাকা), মাসিক আয়: ৪,২৯,০২২/-টাকা সর্বমোট টাকার পরিমানঃ ৭০,৭৪২+৮৩,৪৪,২২৮+৪,২৯,০২২) = ৮৮,৪৩,৯৯২/- (আটাশি লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত বিরানব্বই) মাত্র টাকা।<br>নিয়মিত ফান্ডে ব্যয়: স্টাফদের বেতন ও ভাতা, ইউটিলিটি বিল, ব্যাংক চার্জ এবং বিবিধ: ২,৭৫,৩২৯/- টাকা। ব্যাংক: ১,২১,৬৮৫/-টাকা, এমটিডিআর, ৮৪,৪৬,৯৭৮/-টাকা, সর্বমোট (২,৭৫,৩২৯+১,২১,৬৮৫+৮৪,৪৬,৯৭৮) = ৮৮,৪৩,৯৯২/- (আটাশি লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত বিরানব্বই) মাত্র টাকা। এ ব্যাপারে সভায় আলোচনা করা হয় এবং অনুমোদিত হয়। প্রস্তাবকারী জনাব মোঃ জুলফিকার আলী ও সমর্থনকারী উইং কমান্ডার মোহাম্মদ সোহেল লতিফ (অব.) | ট্রেজারার |
| ১০। | আলোচ্যসূচী-১০: বিভিন্ন অনুষ্ঠানের ছবি তোলার কাজে একটি ক্যামেরা/ মোবাইল সেট ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত<br>বনানী ডিওএইচএসের বিভিন্ন অনুষ্ঠানে ফটোগ্রাফার আনার জন্য প্রতি অনুষ্ঠানে ১০-১২ হাজার টাকা ব্যয় হয়। এই ব্যয়ভার কমানোর জন্য একটি ক্যামেরা/মোবাইল সেট ক্রয়ের ব্যাপারে ইসি সদস্য মিসেস শাহ্রীন হোসেইন তানিয়া সভাকে অবহিত করেন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিষদের এক্সিকিউটিভ অফিসার তার নিজ ব্যবহৃত মোবাইল সেট টি ছবি তোলার কাজে আপাতত ব্যবহারের জন্য আগ্রহ প্রকাশ করেন।<br>সিদ্ধান্তঃ<br>১। ডাটাবেজ ও জুনিয়র ক্লার্ক মোঃ জুয়েল মিয়াকে মোবাইলে ছবি তোলা, পরিষদের ইউটিউব চ্যানেলে কর্তৃপক্ষের অনুমতিতে ভিডিও আপলোড, ওয়েব সাইটে ছবি আপলোড ও সংরক্ষণের জন্য দায়িত্ব প্রদান করা হয়। ০২ মাস পর পরিষদের জন্য ০১ টি স্মার্ট মোবাইল ক্রয় করা হবে। | মিসেস শাহ্রীন হোসেইন তানিয়া |




Telephone : +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.


CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| ১১। | <u>আলোচ্যসূচী-১১: এ্যাপস এর কাজে হিসাব গ্রহনের নোটিফিকেশনের জন্য একটি বাটন ও সিম মোবাইল ক্রয়ের ব্যাপারে সিদ্ধান্ত</u><br><br>এ্যাপস ও ওয়েবসাইটে পেমেন্ট গেটওয়ের কাজে একটি বাটন মোবাইল ও মোবাইল সিম ক্রয়ের ব্যাপারে সভায় আলোচনা করে নিম্নরুপভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br><br>পরিষদের এক্সিকিউটিভ অফিসারের নামে একটি সিম ক্রয়ের সিদ্ধান্ত নেওয়া হয় এবং ছবি তোলার কাজে ব্যবহৃত মোবাইলটি এ্যাপসের কাজেও ব্যবহার করা হবে। | এক্সিঃ অফিঃ |
| ১২। | <u>আলোচ্যসূচী-১২: আরবিট্রেশন নীতিমালা ও কার্যক্রম</u><br><br>ডিওএইচএস সমূহে এ্যাপার্টমেন্ট ভাড়া দেওয়ার ক্ষেত্রে চুক্তিপত্রে এ্যাপার্টমেন্ট মালিক, ভাড়াটিয়া ও পরিষদের প্রতিনিধির স্বাক্ষরের নীতিমালা রয়েছে। অধিকাংশ এ্যাপার্টমেন্ট ই ভাড়া প্রদানের ক্ষেত্রে এই নিয়ম অনুসরণ করা হয় না। অথচ ভাড়া সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হয়ে সুরাহার জন্য পরিষদে অভিযোগ আসে। আরবিট্রেশন নীতিমালা ও কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্ত নেওয়া হয়ঃ<br><br>সিদ্ধান্তঃ<br><br>১। এ্যাপার্টমেন্ট ভাড়া দেওয়ার ক্ষেত্রে যে সকল চুক্তিপত্রে এ্যাপার্টমেন্ট মালিক, ভাড়াটিয়া ও পরিষদের প্রতিনিধির স্বাক্ষর রয়েছে এবং পরিষদের নীতিমালা অনুসরণ করা হয়েছে আরবিট্রেশনে তাদের নথিগুলো অগ্রাধিকার দেওয়া হবে এবং নথিগুলো পর্যালোচনা করা হবে। | কনভেনার এডিআর |
| | <u>আলোচ্যসূচী-১৩: দায়িত্বরত কর্মচারীদের দায়িত্ব/কর্তব্যে অবহেলা</u><br><br>বনানী ডিওএইচএসে সম্প্রতি পরিষদের সম্মানিত প্রেসিডেন্ট কর্তৃক কয়েকটি ঘটনা গোচরীভূত হয়ঃ<br>১। কমিউনিটি সেন্টারে দিনের বেলায় ৩০ টির অধিক বাতি জ্বালানো ছিল।<br>২। মসজিদে ভোরবেলা সিঁড়িতে বাতি জ্বালানো ছিল।<br>৩। 'স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রে' একের অধিক কলিংবেল চাপার পরেও লোক আসতে দেরি করে। উল্লিখিত ঘটনাসমূহে কর্মচারীদের দায়িত্বে চরম অবহেলা প্রতিয়মান হয়। এতে সম্মানিত প্রেসিডেন্ট গভীরভাবে অসন্তোষ প্রকাশ করেন। কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে তদারকি ও নিশ্চিত করার জন্য স্ব স্ব প্রধানগণকে আহ্বান জানান। দায়িত্বে অবহেলা পাওয়া গেলে শাস্তির আওতায় আনার জন্য নির্দেশ দেন। | সংশ্লিষ্ট প্রধানগণ |




Telephone : +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.



CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
| --- | --- | --- |
| ১৩। | আলোচ্যসূচী- (বিবিধ-১): মসজিদের প্রজেক্ট ইঞ্জিনিয়ার মোঃ জহিরুল ইসলাম এর বিরুদ্ধে ঠিকাদারদের নিকট থেকে অর্থ গ্রহণের অভিযোগ ও নির্মাণ কাজে অনিয়মের প্রেক্ষিতে শাস্তিগ্রহণ প্রসঙ্গে<br><br>মসজিদের প্রজেক্ট ইঞ্জিনিয়ার মোঃ জহিরুল ইসলাম এর বিরুদ্ধে কয়েকজন নির্মাণ ঠিকাদার বিল পরিশোধের সময় তাদের কাছ থেকে বিভিন্ন বিলের বিপরীতে অবৈধভাবে অর্থ গ্রহণ করেছেন মর্মে অভিযোগ উত্থাপন করেছেন। এছাড়াও কাকলি মেইন গার্ড রুমের পার্শ্বে ভ্যানগাড়ী, সাইকেল, মোটরসাইকেল শেড তৈরির জন্য ৬৫ হাজার টাকার বাজেট উপস্থাপন করেন তথাপি কাজ শেষে ১ লক্ষ ৯ হাজার টাকা এবং অতিরিক্ত আরো ৪ হাজার টাকার যন্ত্রাংশ যুক্ত করে সর্বমোট ১ লক্ষ ১৩ হাজার টাকার নোটশীট অনুমোদনের জন্য উপস্থাপন করেন। বিষয়টি পর্যালোচনা করে অনুমোদিত বাজেটের অতিরিক্ত অর্থ চাহিদা করেছেন যার স্বপক্ষে কোন সম্পূরক বাজেট অনুমোদন করেননি। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহন করা হয়ঃ<br><br>সিদ্ধান্তঃ<br>১। মসজিদের প্রজেক্ট ইঞ্জিনিয়ার মোঃ জহিরুল ইসলামকে সাময়িক ভাবে বরখাস্ত করা এবং একই সাথে প্রজেক্ট থেকে সরিয়ে পরিষদ কার্যালয়ে সংযুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা।<br>২। সাময়িক বরখাস্তের তারিখ থেকে তার মোট প্রাপ্ত বেতনের অর্ধেক ৫০ শতাংশ অর্থ বেতন পরিশোধ করা হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে। | সেক্রেটারি |
| ১৪। | আলোচ্যসূচী- (বিবিধ-২): বনানী ডিওএইচএসে স্বয়ংক্রীয়ভাবে ট্রাফিক কন্ট্রোল, ব্যক্তি ও যানবাহন প্রবেশ নিয়ন্ত্রণে AI-Based Surveillance এর ব্যবহার প্রসঙ্গে<br><br>১। বনানী ডিওএইচএসে স্বয়ংক্রীয়ভাবে ট্রাফিক কন্ট্রোল, ব্যক্তি ও যানবাহন প্রবেশ নিয়ন্ত্রণে AI-Based Surveillance এর ব্যবহার শুরু করার জন্য ইসি সদস্য জনাব এনায়েতুল বারী জুয়েল সভাকে অবহিত করেন। তিনি বলেন প্রথম ধাপে আমরা ০৪ টি ক্যামেরা দ্বারা কাজ শুরু করতে পারি। এই কাজের জন্য ০৩ লক্ষ টাকা স্পন্সর পাওয়া যাবে মর্মে অবহিত করেন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br><br>১। AI-Based Surveillance এর ব্যবহার সংক্রান্ত কমিটি ইতোমধ্যে গঠন করা হয়েছে, উক্ত কমিটিতে আইটি বিশেষজ্ঞ জনাব হুসনা জামান আল হাদী, জনাব সালমান এ রহমান ও ইঞ্জিনিয়ার রিয়াজ উদ্দিন আহমেদকে যুক্ত করে পরবর্তী পদক্ষেপ গ্রহনের জন্য জনাব এনায়েতুল বারী জুয়েলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কমিটি |



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| ১৫। | আলোচ্যসূচী- (বিবিধ-৩): বিদ্যুৎ বিল হ্রাসকল্পে বানিজ্যিক ইউনিট থেকে আবাসিক ইউনিটে স্থানান্তর প্রসঙ্গে<br><br>১। বনানী ডিওএইচএস পরিষদের বিদ্যুৎ বিল বানিজ্যিক হিসাবে হওয়ায় বেশি বিল পরিশোধ করতে হয়। বিলটি আবাসিক হিসাবে করার জন্য ডেসকোর প্রতিনিধীর সাথে যোগাযোগ করা হলে তারা ফ্লোর অনুযায়ী মিটার স্থাপনের পরামর্শ দিয়েছেন। এ কাজে ডেসকো'কে কিছু অর্থ প্রদান করার প্রয়োজন মর্মে ভারপ্রাপ্ত মেম্বার এ্যাডমিন সভাকে অবহিত করেন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br><br>১। বানিজ্যিক ইউনিট থেকে আবাসিক ইউনিটে স্থানান্তর করা হলে পরিষদের বিদ্যুৎ বিল কমে আসবে বিধায় পরিষদের এক্সিকিউটিভ অফিসার কে ডেসকোর প্রতিনিধীর সাথে যোগাযোগ করে কার্যকরি ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়। | এক্সিঃ অফি: |
| ১৬। | আলোচ্যসূচী- (বিবিধ-৪): জুমআর নামাজে খুতবা প্রদান প্রসঙ্গে<br><br>বনানী ডিওএইচএস জামে মসজিদে মাসে ০৪ টি জুমআর মধ্যে খতির সাহেব ০৩ দিন ও ইমাম সাহেব ০১ দিন জুমআর খুতবা প্রদান করেন। ইমাম সাহেব ইসলামিক স্কলার হওয়ায় তাকে দিয়ে আরো বেশি জুমআর খুতবা দেওয়া যায় কিনা এ ব্যাপারে ইসি সদস্য জনাব জাহাঙ্গীর হামিদ সোহেল সভাকে অবহিত করেন। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br><br>বনানী ডিওএইচএসের জামে মসজিদে প্রচলিত নিয়মে জুমআর খুতবা পড়ানো বহাল রাখার জন্য পরিষদের সম্মানিত সভাপতি সিদ্ধান্ত প্রদান করেন। | জাহাঙ্গীর হামিদ সোহেল |



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner

# বনানী ডিওএইচএস পরিষদ
# BANANI DOHS PORISHOD

| ক্রমিক | আলোচ্য বিষয়াদি এবং সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|
| ১৭। | আলোচ্যসূচী- (বিবিধ-৫): বুয়া সিন্ডিকেট বন্ধ প্রসঙ্গে<br><br>বনানী ডিওএইচএসে ফাতেমা নামে এক বুয়া সাপ্লাইয়ার আছে। তিনি বুয়াদের নিয়ে একটি সিন্ডিকেট গঠন করেছেন। কাজের জন্য বেশি অর্থ দাবি করেন। ঈদ শেষে বোনাস ও জামা কাপড় নিয়ে কাজ ছেড়ে চলে যায়। এসব কাজে ফাতেমা বুয়াদেরকে উদ্বুদ্ধ করেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে ফাতেমার বিরুদ্ধে বাসিন্দাদের বিভিন্ন অভিযোগ রয়েছে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করে নিম্নরুপভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br><br>১। বুয়া সাপ্লাইয়ার ফাতেমা এর নামে বাসিন্দাদের নানা বিধ অভিযোগ থাকায় তাকে বনানী ডিওএইচএসে প্রবেশ নিষিদ্ধ করা হলো।<br><br>২। যে সকল বুয়াদের কোন কাজ নেই তাদের তালিকা তৈরি করা হয়েছে যা ওয়েবসাইটে আপলোড করা হবে। বাসিন্দাগণ এখান থেকে বুয়া নিতে পারবেন।<br><br>পরিষদের সম্মানির্ত সভাপতি নিম্নলিখিত ব্যাপারে আলোকপাত করেনঃ<br><br>১। পরিষদের কমিউনিটি লাউঞ্জটি পুর্বে প্রেসিডেন্ট লাউঞ্জ নামে নামকরণ ছিল। এজিএম এ ভোটারদের পয়েন্টের প্রেক্ষিতে প্রেসিডেন্ট লাউঞ্জ থেকে কমিউনিটি লাউঞ্জ নাম পরিবর্তন করা হয়েছে। কমিউনিটি লাউঞ্জ তৈরিতে ইপিলিয়ন গ্রুপের উল্লেখযোগ্য অবদান রয়েছে। তারা যদি লাউঞ্জটিতে তাদের নাম যুক্ত করতে চায় এ ব্যাপারে ইসিতে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | মেম্বার সিকিউরিটি |

২। সভায় আর কারো কোন পয়েন্ট না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এ্যাড. আখতার মাহমুদ চৌধুরী
ভারপ্রাপ্ত সেক্রেটারী

আবদুস সালাম চৌধুরী
মেজর জেনারেল (অব.)
প্রেসিডেন্ট



Telephone: +88 02 8714697
E-mail : infodohsbanani@gmail.com
Web : www.bananidohs20@gmail.com
Dhaka Cantonment, Dhaka- 1206, Bangladesh.

CamScanner